COAST

আমার অধিকার

মানুষের জন্য manusher jonno promoting human rights and good governance

মানুষের জন্য ফাউন্ডেশন-এর সহায়তায় কোস্ট ট্রাস্ট কর্তৃক পরিচালিত এসজিএসপি প্রকল্প কার্যক্রমের মাসিক বুলেটিন

৪র্থ বর্ষ, ৩৩ তম সংখ্যা | এপ্রিল ২০১৭ খ্রিস্টাব্দ | চৈত্র- বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ

উপবৃত্তি নীতিমালা বিষয়ে শিক্ষক-অভিভাবক সমাবেশ

পানিরছড়া প্রাথমিক বিদ্যালয়ে অভিভাবক সমাবেশে উপস্থিতির একাংশ

স্কুল পর্যায়ে দরিদ্য ও মেধাবী শিক্ষাথীদের ঝরে পড়া কমাতে এবং পড়াশুনায় উৎসাহিত করতে সরকার উপবৃত্তি দিচ্ছে। উপবৃত্তির বিষয়ে সচেতনতা বৃদ্ধির মাধ্যমে দুর্নীতি কমাতে কোস্ট ট্রাস্ট্রের উদ্যোগে মানুষের জন্য ফাউন্ডেশনের অর্থায়নে মহেশখালী'তে স্কুল পর্যায়ে শিক্ষক-অভিভাবকদের নিয়ে সচেতনতামূলক প্রোগ্রামের আয়োজন করা হচ্ছে। এসব প্রোগ্রামে কোস্ট ট্রাস্টের প্রোগ্রাম অফিসারবৃন্দ উপবৃত্তির বিষয়ে বিস্তারিত তুলে ধরেন। গত ২২ এপ্রিল হোয়ানক ইউনিয়নের পানিরছড়া প্রাথমিক বিদ্যালয় অভিভাবক সমাবেশের আয়োজন করা হয়। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ খোরশেদ আলম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিদ্যালয় পরিচালনা সভাপতি আব্দুস শুক্কুর। স্কুলগুলোতে এই ধরণের সমাবেশের মাধ্যমে শিক্ষাথী ও অভিভাবকরা উপবৃত্তির বিষয় নিয়ে সচেতন হচ্ছেন এবং নিয়ম-কানুনগুলো জানছেন।

সামাজিক সুরক্ষা সেবা বিষয়ে উঠান বৈঠক অনুষ্ঠিত

সামাজিক সুরক্ষা সেবা বিষয়ক উঠান বৈঠক সভায় আলোচনা করছেন, কোস্ট ট্রাস্টের সহকারী পরিচালক, শওকত আলী টুটুল

এসজিএসপি-প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে গত এপ্রিল মাসে যে সকল কার্যক্রম সম্পাদন হয়েছে সেগুলোর মধ্যে উঠান বৈঠক অন্যতম। সরকারের সামাজিক সুরক্ষার ১০টি বিষয়ের সামগ্রীক তথ্য-চিত্র জানতে ওয়ার্ড পর্যায়ে উঠান বৈঠকের আয়োজন করা হয়। স্থানীয় সিটিজেন ফোরামের সদস্যদের সহায়তায় ইউনিয়ন ফ্যাসিলিটেটরগণ অনুষ্ঠানের আয়োজন করেন। এসব বৈঠকে সামাজিক সুরক্ষার বিভিন্ন বিষয়ের বর্তমান চিত্র উঠে আসে। ভাতাভোগীগণ এবং ভাতা পাওয়ার উপযোগীগণ উঠান বৈঠকে উপস্থিত হয়ে ভাতা সম্পর্কে জানতে চান এবং তাদের সমস্যা ও সমাধান সম্পর্কে নিজেদের অভিমত তুলে ধরেন। প্রোগ্রাম অফিসারবৃন্দ চেকলিস্টের মাধ্যমে বিভিন্ন অসঙ্গাতি সম্পর্কে অবগত হন এবং উপাত্ত লিপিবদ্ধ করেন এবং করণীয় সম্পর্কেও ধারণা দেন। এপ্রিল মাসে বিভিন্ন ইউনিয়নে ১৮টি উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

ইউনিয়ন পর্যায়ে দ্বি-মাসিক সভা অনুষ্ঠিত

পৌরসভা দ্বি-মাসিক সভার একাংশ

সামাজিক সুরক্ষা সেবা বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে এবং করণীয় ঠিক করতেই প্রতি দুইমাস অন্তর ইউনিয়ন পর্যায়ে সিটিজেন ফোরামের সদস্যদের নিয়ে আয়োজন করা হয় দ্বি-মাসিক সভা। এপ্রিল মাসে মহেশখালী উপজেলার আটটি ইউনিয়ন ও একটি পৌরসভায় দ্বিমাসিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সামাজিক সুরক্ষা বিষয়ে ফোরামের সদস্যবৃন্দ সামাজিক সুরক্ষা সেবার বিষয়ে ভাতাভোগী যারা পাচ্ছেন এবং বঞ্চিতদের অধিকার সম্পর্কে প্রচারণার লক্ষ্যে বিভিন্নভাবে সহযোগিতা করার আশ্বাস প্রদান করেন। উপযুক্ত লোকেরা যেন সামাজিক সুরক্ষা সেবা পায় সে ব্যাপারে ইউনিয়ন পরিষদকে সহযোগিতার প্রত্যয় ব্যক্ত করেন তারা। এপ্রিল মাসে ইউনিয়ন পর্যায়ে ৯টি দ্বি-মাসিক সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা সিটিজেন ফোরামের মাসিক সভা অনুষ্ঠিত

কোস্ট ট্রাস্টের প্রকল্প বাস্তবায়ন অফিসে উপজেলা সিটিজেন ফোরামের মাসিক সভা'র একাংশ

২৫ এপ্রিল ২০১৭ তারিখ মঙ্গলবার এসজিএসপি প্রকল্প বাস্তবায়ন অফিসে উপজেলা সিটিজেন ফোরামের মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন, উপজেলা সিটিজেন ফোরাম এর সদস্য মাসুকা বেগম। তিনি সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় সামাজিক সুরক্ষার বিভিন্ন বিষয়াবলী তুলে ধরা হয় এবং সমাধানে বিভিন্ন সমস্যাগুলো আলোচনা করা হয়।

সভায় উল্লেখযোগ্য আলোচনার মধ্যে ছিল- মহেশখালী টু কক্সবাজার ফেরীঘাট সংস্কার, ন্যাশনাল সিটিজেন ফোরামের অভিজ্ঞতা বিনিময়, জেলা সংলাপ, উপজেলা সংলাপ। উপজেলা সিটিজেন ফোরামের সদস্যরা আরো বেশি সময় এবং পরিশ্রমের মাধ্যমে সামাজিক সুরক্ষা সেবাভোগীদের সেবা পেতে সহায়তা'র আশ্বাস দেন এবং আরো বেশি উদ্যোগী হবার কথা জানান।

ইউনিয়ন পরিষদে প্রাতিষ্ঠানিক দক্ষতা মূল্যায়ন সভা

প্রাতিষ্ঠানিক দক্ষতা মূল্যায়নে উপস্থিত ছিলেন, কালারমারছড়া ইউনিয়ন চেয়ারম্যান মো: মীর কাশেম চৌধুরী

ইউনিয়ন পরিষদের সামাজিক সুরক্ষা সেবার উপর প্রাতিষ্ঠানিক দক্ষতা মূল্যায়নের লক্ষ্যে সেবা প্রদানের প্রক্রিয়া ও নথিপত্র সংরক্ষণের দক্ষতা যাচাই করা হয়। প্রতিষ্ঠানের সেবা প্রদান কার্যক্রমের প্রক্রিয়া অনুসরণ এবং নথিপত্র সংরক্ষণের দক্ষতা যাচাই করা এই কার্যক্রমের মূল উদ্দেশ্য। এপ্রিল মাসে হোয়ানক, কালারমারছড়া, কুতুবজোম, ছোট মহেশখালী, মাতারবাড়ি ইউনিয়ন ও বড় মহেশখালীতে ৬টি প্রাতিষ্ঠানিক দক্ষতা মূল্যায়ন সভা অনুষ্ঠিত হয়। প্রাতিষ্ঠানিক দক্ষতার সভায় ১০টি চেকলিস্টের মাধ্যমে ইউনিয়ন পরিষদের মান কোন পর্যায়ে তা প্রাতিষ্ঠানিক দক্ষতার মাধ্যমে যাচাই করা যায়। সামাজিক সুরক্ষার বিষয়ে ইউনিয়নগুলোর মধ্যকার তুলনা করা সহজতর হয়।

ইউনিয়ন পর্যায়ে সংলাপ

ইউনিয়ন পর্যায়ে সামাজিক নিরীক্ষার মাধ্যমে সামাজিক সুরক্ষা বিষয়ক যেসব বিষয়ের তথ্য পাওয়া যায় তা নিয়ে ইউনিয়ন পর্যায়ে পরিষদ মেম্বার ও চেয়ারম্যান আলোচনা করেন। সামাজিক সুরক্ষা সেবায় যে সমস্যাগুলো উঠে আসে তা সমাধানে করণীয় ঠিক করতে উপায় খোঁজেন তারা।

হোয়ানক ইউনিয়ন পরিষদে আয়োজিত ইউনিয়ন পর্যায়ে সংলাপের একাংশ

সভায় ইউনিয়নের মেম্বার এবং চেয়ারম্যান উপস্থিত থেকে অভিযোগগুলোর সত্যতা যাচাই করেন এবং অভিযোগ নিষ্পত্তির চেষ্টা করেন। ইউনিয়নের জনগণের সামনেই ওয়ার্ড মেম্বার ও চেয়ারম্যান সার্বিক বিষয়গুলো তুলে ধরেন এবং সেবাগুলোর বিষয়ে বরাদ্দের সীমাবদ্ধতার বিষয় তুলে ধরেন।

ইউনিয়ন পর্যায়ে সামাজিক নিরীক্ষা সম্পন্ন

বড় মহেশখালী ইউনিয়নের দেবাঙ্গাপাড়ায় সামাজিক নীরিক্ষার একাংশ

সরকারী সামাজিক সুরক্ষা সেবার স্বচ্ছতা ও জবাবদিহিতার বিষয়গুলো ইউনিয়ন সিটিজেন ফোরামের সদস্যদের মাধ্যমে বর্তমানে প্রকল্প কর্তৃক যে সকল কার্যক্রম বাস্তবায়ন হচ্ছে সেগুলোর মধ্যে অন্যতম সামাজিক নিরীক্ষা। সেবা প্রদানকারী ও সেবা গ্রহণকারীদের অংশগ্রহণে সামাজিক নিরীক্ষায় প্রাপ্ত সমস্যার সমাধান কল্পে সংলাপের আয়োজন করা হয়। সামাজিক নিরীক্ষার মাধ্যমে সংলাপের জন্য প্রয়োজনীয় তথ্য সংগ্রহের লক্ষ্যে প্রতি ইউনিয়নের সামাজিক সুরক্ষা ফোরামের ০৪ জন সদস্যদের নিয়ে একটি স্বেচ্ছাসেবক দল গঠন করা হয় এবং তাদেরকে সামাজিক নিরীক্ষা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। সুরক্ষা সেবার নীতিমালা রয়েছে তার আলোকে ভিজিডি, বয়স্ক ভাতা, বিধবা ভাতা, অতিদরিদ্রদের জন্য কর্মসূচি প্রকল্প এবং প্রতিবন্ধি ভাতার উপর আলাদা আলাদা চেকলিস্ট তৈরী করা হয়। এই চেকলিস্ট ধরে সামাজিক সুরক্ষা সেবার উপর সামাজিক নিরীক্ষার আয়োজন করা হয়।

ইউনিয়ন অভিযোগ কমিটির সভা

মাতারবাড়ি ইউনিয়নে ইউনিয়ন অভিযোগ ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত

ইউনিয়ন অভিযোগ ব্যবস্থাপনা কমিটির সভায় কমিটিতে অন্তর্ভুক্ত সিটিজেন ফোরামের ৩ সদস্য, ট্যাক অফিসার ও ইউপি সচিব সভায় উপস্থিত থাকেন। অভিযোগ ব্যাস্থাপনা কমিটিতে আলোচ্য সূচির মধ্যে মূল বিষয় হচ্ছে- অভিযোগ বক্স খোলা ও অভিযোগগুলো পর্যালোচনার পর যাচাই-বাছাই করে অভিযোগ নিষ্পত্তি করা। অভিযোগের বিষয়ে আলোচনা করা হয়। সমস্যা সম্পর্কে সবার সাথে আলোচনার মাধ্যমে সমাধানের উপায় খোঁজা হয়। পাশাপাশি, সুবিধা বঞ্চিতদেরকে বিভিন্ন অভিযোগ সম্পর্কে রেজিস্টারে লিপিবদ্ধ করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়।

এসজিএসপি প্রকল্পের মাসিক প্রকাশনা। কোস্ট ট্রাস্ট মানুষের জন্য ফাউন্ডেশন ও ডিএফআইডি-র আর্থিক সহায়তায় এসজিএসপি প্রকল্প বাস্তবায়ন করছে।
মোবাইল নং: ০১৭১৩ ৩২ ৮৮ ২৮
e-mail: moqbul.coast@gmail.com
website: www.coastbd.net